ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৭৮

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৫

# **প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ১৫ অক্টোবর, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘অবর্ণনীয় দুর্ভোগ ও দুর্দশার শিকার নিত্যযাত্রীরা, কঙ্কালসার জাতীয় সড়ক, নিস্ক্রিয় সরকার’ শিরোনামে প্রকাশিত সংবাদটি পূর্ত দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে এনএইচআইডিসিএল’র রিপোর্টের ভিত্তিতে পূর্ত দপ্তরের চিফ ইঞ্জিনীয়ার এক স্পষ্টিকরণে জানিয়েছেন জনসাধারণের দুর্ভোগ কমাতে এবং বিদ্যমান রাস্তায় নিরাপদ চলাচল নিশ্চিত করার লক্ষ্যে এনএইচআইডিসিএল’র ইপিসি সংস্থা নিয়মিত প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করেছে। এরমধ্যে রয়েছে রাস্তায় ধূলো নিয়ন্ত্রণ এবং রাস্তার উন্নয়নের জন্য প্রতিদিন ট্যাঙ্কারের মাধ্যমে জল ছিটানো, রাস্তাটি চলাচলের উপযোগী রাখতে এবং দুর্ঘটনা ঝুঁকি কমাতে উপযুক্ত উপকরণ ব্যবহার করে নিয়মিত রাস্তার গর্ত ভরাট করা ইত্যাদি। ইপিসি সংস্থা এনএইচআইডিসিএলকে আশ্বস্ত করেছে যে জনসাধারণের অসুবিধা কমাতে সড়ক নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তত্ত্বাবধানে সমস্ত প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ এবং মেরামতের কাজ করা হচ্ছে।

******